

আমার বিপন্নতা

-ফজলে এলাহি মুজাহিদ

প্রখ্যাত হতে হতে অবশেষে অখ্যাত হয়ে গেলাম।

আমি বলতে জানতাম না
তোমরা ইনিয়িং বিনিয়িং আমায় বলা শেখালে,
মুখস্থ করতে করতে একদিন বক্তা হলাম
পলটন মুক্তাঙ্গন কাঁপিয়ে দিলাম কণ্ঠের কম্পনে
আমার নিজস্ব ভাবনাতে নয়;
তোমাদের বলাতে ও শেখানো বুলিতে।

আমি লিখতে জানতাম না
তোমরা হাতে হাত ধরে খড়িমাটি আর শ্লেটে,
কাগজে ও দেয়ালে
পোস্টারে ও প্লাকার্ডে
নতুন বইয়ের মোড়কে ও সংবিধানে
আমায় লিখতে শেখালে, তোমাদের নিজস্ব কায়দায়
আমি লিখে গেলাম যেন কলম হয়ে;
কখনো মানুষ হয়ে নয়।

আমি ছিলাম বিপন্ন
তোমরা আমায় তোয়ালেতে ঢাকলে,
গরম কাপড়ে জড়িয়ে নিলে আমার সবটুকু
খেলনা, পড়ার টেবিল, চেয়ার, আরামদায়ক খাট
সুদৃশ্য ঘরদোর, সাইকেল, মটর থেকে গাড়ি, উড়োজাহাজ;
আমি উড়তে উড়তে ভুলেই গেলাম তোমাদের কথা
কারণ, তোমাদের শেখানো পদ্ধতিতে চলেছিলাম এতটুকাল।
এতকাল পর নিজের দিকে তাকালাম, ফিরে তাকানো নয়
আগে তো কখনো তাকানোর ফুরসৎই মেলেনি।

পৃথিবীতে নিজস্ব পথে চলা অনেক কঠিন।
কেননা, গলির মোড়ে নির্বাক ভিখারিটি আমার বাকশক্তি কেড়ে নিল
কেননা, দু'হাত কাটা যুবকটির কলম ধরে লেখার প্রয়াস আমার হাত কাঁপিয়ে দিল
কেননা, ফুটপাথে আমার পায়ের তলায় পড়া বিবস্ত্র প্রায়, বিপন্ন শিশুটি
আমায় উলঙ্গ করে দিল, বিপন্ন করে দিল।

৬ এপ্রিল ২০১০, মদীনা মুনাওয়ারা।

efaz77@gmail.com,

www.fazleelahi.com